

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৩০২

৩৩/ সাক্ষয প্রদান (ﷺ الشهادات عن رسول الله

পরিচ্ছেদঃ ৪. সাক্ষ্যদান প্রসঙ্গে

আরবী

حَدَّثَنَا وَاصِلُ بْنُ عَبْدِ الأَعْلَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ، عَنِ الأَعْمَشِ، عَنْ عَلِيّ بْنِ مُدْرِكِ، عَنْ هِلَالِ بْنِ يِسَاف، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " خَيْرُ النَّاسِ قَرْنِي ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ اللَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ اللَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ اللَّهَادَةَ قَبْلَ أَنْ ثَلاَتًا ثُمَّ يَجِيءُ قَوْمٌ مِنْ بَعْدِهِمْ يَتَسَمَّنُونَ وَيُحِبُّونَ السِّمَنَ يُعْطُونَ الشَّهَادَةَ قَبْلَ أَنْ يُسْأَلُوهَا ". قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثُ غَرِيبٌ مِنْ حَدِيثِ الأَعْمَشِ عَنْ عَلِيّ بْنِ مُدْرِكٍ يُسْأَلُوهَا ". قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثُ غَرِيبٌ مِنْ حَدِيثِ الأَعْمَشِ عَنْ عَلِيّ بْنِ مُدُركِ يُشَالُوهَا ". قَالَ أَبُو عِيسَى وَهَذَا حَدِيثُ غَرِيبٌ مِنْ حَدِيثِ الأَعْمَشِ عَنْ عَلْنِ بْنِ يَسَافٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ وَأَصْحَابُ الأَعْمَشِ إِنَّمَا رَوَوْا عَنِ الأَعْمَشِ عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ وَالْمَا رَوَوْا عَنِ الْأَعْمَشِ عَنْ هِلاَلِ بْنِ يِسَافٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ

বাংলা

২৩০২। ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আমি বলতে শুনেছিঃ আমার যুগই (যুগের মানুষই) সর্বোত্তম, তারপর তাদের পরবর্তী যুগ, তারপর তাদের পরবর্তী যুগ (তিনবার বলেছেন)। তাদের পরবর্তী যুগে (তিনযুগ পরে) এমন সম্প্রদায়ের আবির্ভাব ঘটবে যারা হবে মোটা দেহ বিশিষ্ট এবং তারা মোটা দেহ বিশিষ্ট হওয়াটাই পছন্দ করবে। তারা সাক্ষ্য তলবের পূর্বেই সাক্ষ্য দিতে যাবে।

সহীহ, পূর্বে বর্ণিত হয়েছে, বুখারী, মুসলিম।

আবৃ ঈসা বলেন, এ হাদীসটি আমাশ হতে আলী ইবনু মুদরিক (রহঃ)-এর সূত্রে বর্ণিত রিওয়ায়াত হিসাবে গারীব। এই হাদীসটি আমাশ হতে হিলাল ইবনু ইয়াসাফের বরাতে ইমরান ইবনু হুসাইন (রাঃ)-এর সূত্রে আমাশের শিষ্যগণ বর্ণনা করেছেন। উপরোক্ত হাদীসের মতো বর্ণিত তিনি আমাশ হতে, তিনি হিলাল ইবনু ইয়াসাফ হতে, তিনি ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সূত্রে। এই সূত্রে বর্ণিত হাদীসটি মুহাম্মাদ ইবনু ফুযাইলের হাদীসের চাইতে অনেক বেশি সহীহ।

কোন কোন অভিজ্ঞ আলিম বলেন, "তারা সাক্ষ্য তলবের আগেই সাক্ষ্য দিতে যাবে" কথার মর্ম এই যে, তারা মিথ্যা সাক্ষ্য দিবে। অর্থাৎ সাক্ষ্মী প্রদানের জন্য তাদের কাউকে আহবান না করলেও (অসৎ উদ্দেশ্যে) সাক্ষ্য প্রদান



করতে আসবে। উমার ইবনুল খাত্তাব (রাঃ) কর্তৃক বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীসটিতে এর ব্যাখ্যা বিদ্যমান রয়েছে।

English

'Imran bin Husain narrated that the Messenger of Allah(s.a.w)said:
"The best of people are my generation, then those who follow them, then
those who follow them, then those who follow them."(He(s.a.w)said that)
three times. "Then, after them a people will come who increase in fatness,
loving fatness, giving testimony before they are asked for it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন